# Times Today BD

রকিবুল হাসান রকি | জেলার খবর | 27 March, 2025

রাজশাহীতে বিএনপি চেয়ারপার্সন বেগম খালেদা জিয়ার রোগমুক্ত ও দীর্ঘায়ু কামনা এবং বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের সুস্বাস্থ্য কামনায় দোয়া ও ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

আজ বৃহস্পতিবার বাগমারা উপজেলার শুভডাঙ্গা ইউনিয়নের মচমইল এলাকায় শুভডাঙ্গা ইউনিয়ন বিএনপি ও অঙ্গ সহযোগী সংগঠনের আয়োজনে এ দোয়া ও ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়।

দোয়া ও ইফতার মাহফিলে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিএনপির কেন্দ্রীয় কমিটির সাংগঠনিক সম্পাদক সৈয়দ শাহিন শওকত।

শুভডাঙ্গা ইউনিয়ন বিএনপির সভাপতি অধ্যাপক শফিকুল ইসলাম শফিকের সভাপতিত্বে দোয়া ও ইফতার মাহফিলে প্রধান বক্তা ছিলেন রাজশাহী জেলা বিএনপির আহবায়ক আবু সাঈদ চাঁদ।এসময় বিশেষ বক্তা ছিলেন রাজশাহী জেলা যুবদলের সদস্য সচিব রেজাউল করিম টুটুল।

শুভডাঙ্গা ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক আবু সামা মিস্টারের সঞ্চালনায় বিশেষ অতিথি ছিলেন রাজশাহী জেলা বিএনপির সদস্য সচিব অধ্যাপক বিশ্বনাথ সরকার ও বাগমারা উপজেলা বিএনপির আহবায়ক ডিএম জিয়াউর রহমান।

দোয়া ও ইফতার মাহফিলে বিএনপি চেয়ারপার্সন বেগম খালেদা জিয়া, ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের সুস্বাস্থ্য ও একাত্তরের মহান মুক্তিযুদ্ধ এবং চব্বিশের গণঅভ্যুত্থানে নিহত সকল শহিদদের আত্মার মাগফিরাত কামনায় বিশেষ দোয়া করা হয়।

ইফতার মাহফিল খালেদা জিয়া বিএনপি

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 02:07

URL: https://www.timestodaybd.com/public/countrywide/775807113